

বাংলাদেশের অঞ্চলিক ভূয়সী প্রশংসা করলেন আমেরিকার ভিক্সবার্গ শহরের মেয়র
নৌপরিবহন প্রতিমন্ত্রীর আমেরিকার মিসিসিপি স্টেট এর ভিক্সবার্গ বন্দর পরিদর্শন

মিসিসিপি (আমেরিকা), ৬ আগস্ট ২০২২


আমেরিকার মিসিসিপি স্টেট এর ভিক্সবার্গ (Vicksburg) শহরের মেয়র এবং ভিক্সবার্গ বন্দর
পরিচালনাকারী ওয়ারেন কাউন্টি পোর্ট কমিশনের চেয়ারম্যান জর্জ ফ্ল্যাগস জুনিয়র (George
Flaggs, Jr.) বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের অঞ্চলিক ভূয়সী
প্রশংসা করেছেন।

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি গতকাল ৫ আগস্ট আমেরিকার মিসিসিপি স্টেট এর
ভিক্সবার্গ (Vicksburg) পোর্ট পরিদর্শনে এলে ভিক্সবার্গ শহরের মেয়র এবং ভিক্সবার্গ বন্দর
পরিচালনাকারী ওয়ারেন কাউন্টি পোর্ট কমিশনের চেয়ারম্যান জর্জ ফ্ল্যাগস জুনিয়র (George
Flaggs, Jr.) এ প্রশংসা করেন।

ভিক্সবার্গ শহরের মেয়র এবং বন্দর পরিচালনাকারী ওয়ারেন কাউন্টি পোর্ট কমিশনের চেয়ারম্যান বন্দরে
প্রতিমন্ত্রীকে অভ্যর্থনা জানান।

মেয়র প্রতিমন্ত্রীকে সিটি এবং পোর্ট সম্পর্কে অবহিত করেন। তিনি বাংলাদেশ ভ্রমণের আঞ্চলিক প্রকাশ
করেন।

পোর্ট পরিদর্শনকালে প্রতিমন্ত্রীর সাথে বিআইডিলিউটিএ'র চেয়ারম্যান কমোডর গোলাম সাদেক,
নৌপরিবহন মন্ত্রণালয় ও বিআইডিলিউটিএ'র প্রতিনিধিসহ আমন্ত্রণকারী প্রতিষ্ঠান ইউএস ট্রেড এন্ড
ডেভেলপমেন্ট এজেন্সির কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।


মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৮২৫৩৬৪